

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১৬.১১.০১৩.২০১৩-১৩৭

তারিখ : ১৯.০১.২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

নৌ পরিবহন মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | বেতন স্কেল ও গ্রেড নং | শূণ্য পদের সংখ্যা | বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার অধিবাসীদের আবেদন করার প্রয়োজন নেই | মন্তব্য |
|---------|---|--------------------------------------|-------------------|---|--|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১১০০০- ২৬৫৯০/- গ্রেড নং- ১৩ | ০৪(চার)টি | অনুর্ধ্ব ৩০ বছর ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী হতে হবে; ২. কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; ৩. সাঁটলিপির ক্ষেত্রে প্রতি মিনিটে বাংলা ৪৫ শব্দ ও ইংরেজী ৭০ শব্দ গতি থাকতে হবে; ৪. মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ গতি থাকতে হবে; এবং ৫. উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদ থাকতে হবে। | চাঁদপুর, মুন্সিগঞ্জ, বরিশাল, খুলনা, নওগাঁ, মাগুরা, রংপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, নড়াইল, ফেনী, বগুড়া, ফরিদপুর, লক্ষ্মীপুর, দিনাজপুর ও ঝালকাঠি। | সকল জেলার এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানগণ আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর | ১১০০০- ২৬৫৯০/- গ্রেড নং- ১৩ | ০২(দুই)টি | ১৮-২৭ বছর ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী হতে হবে। বিজ্ঞানে স্নাতকরা অগ্রগণ্য; ২. কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; ৩. মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ গতি থাকতে হবে; এবং ৪. উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদ থাকতে হবে। | -ঐ- | -ঐ- |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০- ২২৪৯০/- গ্রেড নং- ১৬ | ০৭(সাত)টি | অনুর্ধ্ব ৩০ বছর ১. কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; ২. মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজী ২০ শব্দ গতি থাকতে হবে; ৩. কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং ৪. উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদ থাকতে হবে। | -ঐ- | -ঐ- |
| ৪. | অফিস সহায়ক | ৮২৫০- ২০০১০/- গ্রেড নং- ২০ | ১৩(তের)টি | ১৮-৩০ বছর কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | নারায়ণগঞ্জ, নরসিংদী, চাঁদপুর, মানিকগঞ্জ, বরিশাল, মাদারীপুর, রংপুর, ভোলা, খুলনা, নওগাঁ, মাগুরা, গাজীপুর, সাতক্ষীরা ও কুমিল্লা। | -ঐ- |

- (১) প্রার্থীদেরকে নির্ধারিত চাকরির আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যুগ্ম সচিব (প্রশাসন), নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় আবেদনপত্র প্রেরণ করতে হবে। কারণ যাই হোক না কেন উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনের নির্ধারিত ফরম নৌ পরিবহন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mos.gov.bd-এ পাওয়া যাবে।
- (২) ১৩তম গ্রেড হতে ২০তম গ্রেডের নিয়োগ সংক্রান্ত সকল সরকারি নিয়মাবলী অনুসরণপূর্বক জেলার প্রাপ্যতা অনুযায়ী কেবল যোগ্য প্রার্থীদের বরাবর প্রবেশপত্র প্রেরণ করা হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান দৈনিক পত্রিকা, নৌ পরিবহন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mos.gov.bd এবং প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হবে।
- (৩) (ক) আবেদনকারী যদি কোন তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে।
(খ) আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণ যোগ্য হবে না।

R.

প্রার্থীর বয়স ৩১-১২-২০১৬ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২(বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০(ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

- (৫) আবেদনকারীগণকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৭) নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- (৮) আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময় ২৮.০২.২০১৭ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
- (৯) আবেদনের সাথে (ক) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি (সত্যায়িত), (খ) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি (সত্যায়িত), (গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল নাগরিক সনদ, (ঘ) ১ম শেণির গেজেটড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং (ঙ) কারিগরি প্রশিক্ষণের সনদের ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে।
- (১০) সত্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল ব্যবহার করতে হবে। নামবিহীন পদবীযুক্ত সীল ব্যবহার করা হলে সংশ্লিষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (১১) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সংশ্লিষ্ট নীতিমালা/বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- (১২) মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান, এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত) আবেদনের সাথে দাখিল করতে হবে।
- (১৩) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- (১৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মরত যোগ্য প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (১৫) সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার পক্ষে ক্রমিক ১-৩ নং পদের বিপরীতে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ৪নং পদের বিপরীতে ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। ট্রেজারী চালানের কোড নম্বর ১-৫২০১-০০০১-২০৩১। (পে-অর্ডার, ব্যাংক ড্রাফট ও পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- (১৬) আবেদনে উল্লিখিত তথ্যাদির কোথাও ভুল প্রমাণিত হলে এবং বিলম্ব প্রাপ্ত আবেদন, অসমাপ্ত ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। এ জন্য কোন কারণ/ব্যাখ্যা প্রদানে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।
- (১৭) প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- (১৮) আবেদনপত্রের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- (১৯) আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত অব্যবহৃত ৪.০০(চার) টাকা মূল্যমানের ডাকটিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট ফেরত খাম দিতে হবে।


(রৈবেকা সুলতানা)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)